

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ১৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭০]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৮: বিদ'আত এবং (দ্বীনে) নতুন নতুন কাজ আবিষ্কার করা নিষেধ

(18) – باب النهي عن البدع ومحدثات الأمور

আরবী

وعن جابر، رضي الله عنه ، كان رسول الله، صلى الله عليه وسلم، إذا خطب
احمرت عيناه، وعلا صوته، واشتد غضبه، حتى كأنه منذر جيش يقول: "صبحكم
ومساكم" ويقول: "بعثت أنا والساعة كهاتين" ويقرن بين أصبعيه؛ السبابة والوسطى،
ويقول: "أما بعد؛ فإن خير الحديث كتاب الله وخير الهدى هدى محمد، صلى الله
عليه وسلم، وشر الأمور محدثاتها، وكل بدعة ضلالة" ثم يقول: "أنا أولى بكل مؤمن
من نفسه. من ترك مالاً فلأهله، ومن ترك ديناً أو ضياعاً فإلي وعلى" (رواه مسلم).
وعن العرياض بن سارية، رضي الله عنه ، حديثه السابق في باب المحافظة على
السنة.

বাংলা

২/১৭৪। জাবের রাদিয়াল্লাহু আনহু বলেন, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভাষণ দিতেন, তখন তাঁর চক্ষুদ্বয় লাল হয়ে যেত এবং তাঁর আওয়াজ উঁচু হত ও তাঁর ক্রোধ কঠিন রূপ ধারণ করত। যেন তিনি (শত্রু) সেনা থেকে ভীতি প্রদর্শন করছেন। তিনি বলতেন, "(সে শত্রু) তোমাদের উপর সকালে অথবা সন্ধ্যায় হামলা করতে পারে।" আর তিনি তাঁর তর্জনী ও মধ্যমা আঙ্গুলদ্বয় মিলিত করে বলতেন যে, "আমাকে এবং কিয়ামতকে এ দু'টির মত (কাছাকাছি) পাঠানো হয়েছে।" আর তিনি বলতেন, "আম্মা বা'দ (আল্লাহর প্রশংসা ও সাক্ষ্য দান করার পর) নিঃসন্দেহে সর্বোত্তম কথা আল্লাহর কিতাব এবং সর্বোত্তম রীতি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর রীতি। আর নিকৃষ্টতম কাজ (দ্বীনে) নব আবিষ্কৃত কর্মসমূহ এবং প্রত্যেক বিদ'আত ভ্রষ্টতা।"

অতঃপর তিনি বলতেন, "আমি প্রত্যেক মু'মিনদের নিকট তার আত্মার চেয়েও নিকটতম। যে ব্যক্তি মাল ছেড়ে (মারা) যাবে, তা তার উত্তরাধিকারীদের জন্য এবং যে ঋণ অথবা অভাবী সন্তান-সন্ততি ছেড়ে যাবে, তার দায়িত্ব আমার উপর ন্যস্ত।"[1]

English

(18) Chapter: Prohibition of heresies in religion

Jabir (May Allah be pleased with him) reported:

Whenever the Messenger of Allah (ﷺ) delivered a Khutbah, his eyes would become red, his tone loud and he showed anger as if he were warning us against an army. He (ﷺ) would say, "The enemy is about to attack you in the morning and the enemy is advancing against you in the evening". He would further say, "I am sent with the final Hour like these two fingers of mine." Messenger of Allah (ﷺ) held up his index finger and the middle finger together to illustrate. He used to add: "To proceed, the best speech is the Book of Allah and the best guidance is the guidance of Muhammad (ﷺ), the worst practice is the introduction of new practices in Islam and every Bid'ah is a misguidance". He would also say, "I am, in respect of rights, nearer to every believer than his own self. He who leaves an estate, it belongs to his heirs, and he who leaves a debt, it is my responsibility to pay it off." [Muslim].

Same Hadith as reported by 'Irbad bin Sariyah (May Allah be pleased with him) has already been recorded in the previous chapter regarding safeguarding the Sunnah of the Prophet (ﷺ).

ফুটনোট

[1] মুসলিম ৮৬৭, নাসায়ী ১৫৭৮, আবু দাউদ ২৯৫৪, ২৯৫৬, ইবনু মাজাহ ৪৫, ২৪১৬, আহমাদ ১৩৭৪৪, ১৩২৪, ১৪০২২, ১৪১৯, ১৪৫৬৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22475>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন